

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
(আইসিটি শাখা)
www.coxsbazar.gov.bd


জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার এর ২০২৪-২০২৫ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে জেলা প্রশাসকের কার্যালয়ের নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী :

সভাপতি	:	বিভীষণ কান্তি দাশ জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত), কক্সবাজার
সভার তারিখ	:	০৮.০৯.২০২৪ খ্রিস্টাব্দ
সভার সময়	:	বিকাল ০৪.০০টা
সভার স্থান	:	শহিদ এটিএম জাফর আলম সিএসপি সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
সভায় উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জনাব তান্তি চাকমা ২০২৪-২০২৫ অর্থবছরের মাঠ পর্যায়ের শুদ্ধাচার নীতিমালা এবং এ কার্যালয়ের জন্য ২০২৪-২০২৫ অর্থবছরের ১ম ত্রৈমাসিকের বাস্তবায়নের সূচকসমূহ সভায় উপস্থাপন করেন। তৎপ্রেক্ষিতে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	২০২৪-২০২৫ অর্থবছরে এ কার্যালয়ের জন্য প্রণীত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিকের কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়ন বিষয়ে সভায় আলোচনা করা হয়।	২০২৪-২০২৫ অর্থবছরে এ কার্যালয়ের জন্য প্রণীত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম ত্রৈমাসিকের সূচকসমূহ বাস্তবায়নপূর্বক প্রমাণকসহ প্রতিবেদন যথাসময়ে সংশ্লিষ্ট শাখায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা
০২	২০২৪-২৫ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার সূচক অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়িত হয়েছে কিনা এবং সূচক বাস্তবায়নের পথে কী কী অন্তরায় রয়েছে সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজারে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম কার্যকরভাবে বাস্তবায়ন করা এবং বাস্তবায়নের পথে অন্তরায়সমূহ দূর করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কক্সবাজার ২. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), কক্সবাজার ৩. নেজারত ডেপুটি কালেক্টর, কক্সবাজার
০৩	ক) জেলা প্রশাসকের কার্যালয় (সকল শাখা), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় ও ইউনিয়ন ভূমি অফিসসমূহে শুদ্ধাচার চর্চা অব্যাহত রাখার জন্য দর্শন/পরিদর্শন কার্যক্রম বৃদ্ধি করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। খ) শিক্ষা প্রতিষ্ঠানসমূহ দর্শন/পরিদর্শন বৃদ্ধি করে প্রতিষ্ঠানে শিক্ষক ও শিক্ষার্থীদের মাঝে শুদ্ধাচারের ধারণা ছড়িয়ে দেয়ার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	ক) শুদ্ধাচার চর্চা অব্যাহত রাখার জন্য জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় ও ইউনিয়ন ভূমি অফিসসমূহ দর্শন/পরিদর্শন বৃদ্ধি করতে হবে। খ) শিক্ষা প্রতিষ্ঠানসমূহ দর্শন/পরিদর্শন বৃদ্ধি করে প্রতিষ্ঠানে শিক্ষক ও শিক্ষার্থীদের মাঝে শুদ্ধাচারের ধারণা ছড়িয়ে দিতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট কর্মকর্তা

অতঃপর আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।


বিভীষণ কান্তি দাশ

জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত)

কক্সবাজার

ফোন নং ২৩৩৪৪৬৬২২০০


ই-মেইল- dccoxsbazar@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.২০.২২০০.১১৫.১২.০১৯.২৪. ০১৯

তারিখ : ২৫ ভাদ্র ১৪৩১
০৯ সেপ্টেম্বর ২০২৪

অনুলিপি : সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠ তার প্রমানে নয়)

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার
- ০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক /উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা/শিক্ষা ও আইসিটি), কক্সবাজার/বিজ্ঞ
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কক্সবাজার
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার, (সকল) -----
- ০৭। সিনিয়র সহকারী কমিশনার, ----- সকল শাখা
- ০৮। সহকারী কমিশনার (ভূমি), (সকল) -----, কক্সবাজার
- ০৯। সহকারী কমিশনার, ----- সকল শাখা
- ১০। অফিস কপি


০৯.০৯.২৪
তাণ্ডি চাকমা
অতিরিক্ত জেলা প্রশাসক
শিক্ষা ও আইসিটি
কক্সবাজার